

৭১১ ১.৫ (২৮ জুলাই ২০২১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৮.১৬.০০১.২১.৯০

তারিখ: ২১ ডিসেম্বর ২০২১

বিষয়: পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে পরিদর্শন প্রতিবেদন

সূত্র: শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২২ এর আলোচ্য বিষয় ১.৫ মোতাবেক

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২২ এর আলোচ্য বিষয় ১.৫ "কর্মপরিবেশ উন্নয়ন" এর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি গত ০৮-১২-২০২১ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বোর্ডের সকল অফিস কক্ষ ও অফিসের চারপাশ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।


পরিচালক (প্রশাসন)


বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড


২১/১২/২০২১
এ.কে.এম মজরুল ইসলাম
সহকারী পরিচালক

পরিদর্শন প্রতিবেদন

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আলোচ্য বিষয় ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) এর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ০৮-১২-২০২১ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বোর্ডের সকল অফিস কক্ষ ও অফিসের চারপাশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময় কমিটির সদস্য ও সদস্য সচিব উপস্থিত ছিলেন। অফিসের প্রতিটি কক্ষসহ বাথরুম নিয়মিত পরিষ্কার করা এবং অফিসের বারান্দা ও চারপাশের বাহিরের দিকের ফুলগুলো পরিষ্কার করার জন্য কর্মরত পরিচ্ছন্নতা কর্মীদের নির্দেশ দেয়া হয় এবং পরিষ্কার করানো হয়। অত্র বোর্ডের সকল কক্ষসহ করিডোর এবং টয়লেট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। টয়লেটের ভিতরে কন্টেইনার বা ডাস্টবিন রেখে তার গায়ে (আমাকে ব্যবহার করুন) লিখা আছে। অফিসের চার পার্শ্বে সৌন্দর্য বর্ধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সেই সাথে করোনা ভাইরাস থেকে রক্ষার জন্য হাত ধোত করে অফিসে প্রবেশের জন্য অফিসের মেইন গেটের সামনে হ্যান্ড ওয়াশ ও পানির ব্যবস্থা করা হয়। অফিসের চারপাশে জঙ্গল পি-৩ কেন্দ্রের শ্রমিকদের দ্বারা পরিষ্কার করানো হয়। মহামারি করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বাজায় রেখে এবং মাস্ক পরে অফিস করার জন্য সকলকে অবহিত করা হয়। নিয়মিত অফিস কক্ষসহ চারপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিচ্ছন্নতা কর্মীদের নির্দেশনা প্রদান করা হয়েছে। কমিটির সদস্য সচিব নিয়মিত বিষয়টি তদারকি করেছেন।


২১/১২/২০২১
মোঃ রাবেল
কেয়ারটেকার কাম-সি: ইনচার্জ (জা.)


২১/১২/২০২১
(মোঃ সুলতানুল্লাহ)
এসিস্টেন্ট (দাঃ)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।


২১/১২/২০২১
এ, কে, এম, নজরুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
কমন সার্ভিস শাখা।